DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ⯀ তৈরি: 16 Jul 2026, 03:09 PM

সারাদেশ

# নারায়ণগঞ্জের আদমজী ইপিজেডে পোশাক কারখানার কাপড়ের গুদামে আগুন, নিয়ন্ত্রণে ৯ ইউনিট

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক, নারায়ণগঞ্জ
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৬ জুলাই ২০২৬, ০৪:০১ PM



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের আদমজী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এলাকায় একটি পোশাক কারখানার কাপড়ের গুদামে আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৯টি ইউনিট কাজ করছে।

বুধবার (১৫ জুলাই) ভোর ৪টা ১০ মিনিটে ফায়ার সার্ভিস আগুন লাগার সংবাদ পায়। খবর পেয়ে মাত্র চার মিনিটের মধ্যে, ভোর ৪টা ১৪ মিনিটে ফায়ার সার্ভিসের প্রথম ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে।

ফায়ার সার্ভিস সূত্র জানায়, আদমজী ইপিজেডের ভেতরে অবস্থিত অনন্ত অ্যাপারেলস-এর কাপড়ের গুদামে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। আগুনের খবর পেয়ে পর্যায়ক্রমে মোট ৯টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে।

তাৎক্ষণিকভাবে আগুন লাগার কারণ, ক্ষয়ক্ষতির পরিমাণ এবং হতাহত হওয়ার কোনো তথ্য জানা যায়নি। আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে এলে অগ্নিকাণ্ডের কারণ ও ক্ষয়ক্ষতির বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হবে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস।

---

## এ বিভাগের আরও খবর



**শীতলক্ষ্যা নদীতে নিখোঁজ ডুবুরি সাদিকের মরদেহ উদ্ধার**
নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদীতে নিখোঁজ হওয়া ফায়ার সার্ভিসের ডুবুরি মো. সাদিকের মরদেহ উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) সন্ধ্যায় শহ...



**উদ্বোধনের আগেই বিবর্ণ ৭২ কোটি টাকার ভারতীয় মৈত্রীস্তম্ভ**
ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে মুক্তিযুদ্ধে আত্মদানকারী ভারতীয় মিত্রবাহিনীর সদস্যদের স্মরণে নির্মিত 'মৈত্রীস্তম্ভ' উদ্বোধনের আগেই সৌন্দর্য হারাতে...




**ব্রাহ্মণবাড়িয়ায় ৯৬ বোতল ইসকফ সিরাপসহ যুবক গ্রেপ্তার**
ব্রাহ্মণবাড়িয়ার সদর উপজেলায় অভিযান চালিয়ে ৯৬ বোতল ইসকফ সিরাপসহ এক যুবককে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৯।র‍্যাব-৯ জান...



**ফটিকছড়িতে বৃহস্পতিবার সকাল-সন্ধ্যা হরতালের ডাক**

নবগঠিত ফটিকছড়ি উত্তর উপজেলার সদর দপ্তর জনসাধারণের জন্য সহজ যোগাযোগযোগ্য ও ভৌগোলিকভাবে সুবিধাজনক স্থানে স্থাপনের দাবিতে আন্দোলন চলছে। এর অংশ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/saradesh/narayngnjer-admji-ipijede-poshak-karkhanar-kapror-gudame-agun-niyntrne-9-iunit